

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮১৬

আগরতলা, ২২ জুন, ২০২২

বি ব্লক কলোনি এলাকায় বিশেষ স্বাস্থ্য শিবির

ধলাই জেলার ৮২ মাইল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের আওতাধীন নাইথংছড়া হেলথ এন্ড ওয়েলন্যাস সেন্টারের অন্তর্গত বি ব্লক কলোনি এলাকায় গত ১৬ জুন এক বিশেষ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। উক্ত শিবিরে এলাকার মোট ৮৪জনকে স্বাস্থ্যকর্মীরা ম্যালেরিয়া শনাক্তকরণের জন্য আরডিকিট দ্বারা রক্তের নমুনা পরীক্ষা করেন। তাতে কারোর শরীরে ম্যালেরিয়ার প্যারাসাইট পাওয়া যায়নি। স্বাস্থ্যকর্মীরা প্রত্যেককে স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ প্রদানের পাশাপাশি অসংক্রামক রোগ প্রতিরোধের উপায়,তামাক ব্যবহারের কুফল, পরিবার পরিকল্পনার সুফল লাভ করা, নবজাত শিশুর যত্ন নেওয়া, ডেঙ্গু ও ম্যালেরিয়া প্রতিরোধে ঘুমানোর সময় মশারী ব্যবহার করা,বাড়ির আশপাশ পরিষ্কার রাখা,ডিডিটি স্প্রে করা ও জ্বর হলে অবশ্যই হাসপাতালে গিয়ে ম্যালেরিয়া পরীক্ষা করার জন্য আলোচনা করেন। তাছাড়া উক্ত কর্মসূচিতে স্বাস্থ্যকেন্দ্রের কমিউনিটি হেলথ অফিসার জয়শ্রী মুৎসুদ্দি, এমপিডব্লিও পূর্ববী রানী ত্রিপুরা ও আশাকর্মী অঞ্জলি পোদ্দার উপস্থিত ছিলেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
